Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 26 April, 2025

জাতীয় সংসদ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর মেয়াদ পাঁচ বছর থেকে কমিয়ে চার বছর করার যে প্রস্তাব সংবিধান সংস্কার কমিশন দিয়েছে, তাতে একমত নয় জামায়াতে ইসলামী।দলটি সংসদের মেয়াদ বিদ্যমান পাঁচ বছর রাখার পক্ষে।

আজ শনিবার (২৬ এপ্রিল) জাতীয় সংসদের এলডি হলে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে সংলাপের বিরতিতে এ কথা জানান সিনিয়র নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহের।

সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের বলেন, 'সংবিধান সংস্কার কমিশনের প্রস্তাব ছিল সংসদ ও রাষ্ট্রপতির মেয়াদ চার বছর হবে।আমরা এর সঙ্গে দ্বিমত জানিয়েছি।আমরা বলেছি, সংসদ ও রাষ্ট্রপতির মেয়াদ পাঁচ বছর থাকবে।

তবে দ্বিকক্ষবিশিষ্ট সংসদের প্রস্তাবের সঙ্গে একমত জানিয়েছে জামায়াতে ইসলামী।ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের বলেন, 'দ্বিকক্ষবিশিষ্ট সংসদের বিষয়ে আমরা একমত হয়েছি।তবে এটার আকার, আকৃতি ও প্রক্রিয়া সম্পর্কে আমরা আলোচনা করছি।

আলোচনা ফলপ্রসূ হচ্ছে জানিয়ে তাহের বলেন, 'অনেক বিষয়ে আমাদের ভেতরে মতবিনিময় হয়েছে, নানা বিষয়ে ব্যাখ্যা হয়েছে।কিছু কিছু বিষয়ে আমরা একমত হয়েছি।

আলোচনা আজ শেষ না-ও হতে পারে জানিয়ে তিনি আরও বলেন, 'বিষয়গুলো জাতীয় স্বার্থের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।জামায়াতে ইসলামী অত্যন্ত গুরুত্ব ও মনোযোগের সঙ্গে সমস্ত সংস্কারকে বিবেচনা করছে।যেটা দেশ ও জাতির জন্য কল্যাণকর, আমরা সেই ব্যাপারে মত দিচ্ছি, ঐকমত্য হচ্ছি। এখানে ব্যক্তি বা দল আমাদের কাছে গুরুত্বপূর্ণ নয়। বাংলাদেশ, বাংলাদেশের মানুষ, বাংলাদেশের ভবিষ্যৎ এবং সমৃদ্ধ শান্তিময় বাংলাদেশ আমাদের লক্ষ্য।

জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহেরের নেতৃত্বে ১০ সদস্যের প্রতিনিধিদলটিতে আছেন–দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, কার্যনির্বাহী সদস্য সাইফুল আলম খান মিলন, সহকারী সেক্রেটারি জেনারেল রফিকুল ইসলাম খান, সহকারী সেক্রেটারি হামিদুর রহমান আজাদ, প্রচার ও মিডিয়া সেক্রেটারি মতিউর রহমান আকন্দ, সহকারী সেক্রেটারি জেনারেল এহসানুল মাহবুব জুবায়ের, ঢাকা মহানগর দক্ষিণের আমির নুরুল ইসলাম বুলবুল, শিশির মনির ও মহিউদ্দিন সরকার।

রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী জামায়াত ইসলামী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:36

URL: https://www.timestodaybd.com/politics/1466115104